গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ
www.debendracollege.gov.bd

তারিখ : ১৩-০৮-২০২৬ খ্রি.

নং-সদেক/২০২৬/প্রশাঃ/ এস -২/১৭৮

# বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা অত্র কলেজের ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, ১৩-০৮-২০২৬ খ্রি. তারিখের একাডেমিক কাউন্সিলের সিদ্ধান্ত মোতাবেক যারা একাদশ বার্ষিক পরীক্ষা-২০২৬ এ পরীক্ষায় অকৃতকার্য হয়েছে বা পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা টিউটোরিয়াল গ্রুপের সংশ্লিষ্ট শিক্ষকের নিকট অভিভাবক কৃর্তক স্বাক্ষরিত অঙ্গীকারনামা প্রদানপূর্বক অভিভাবকদের সাথে নিয়ে এসে সংশ্লিষ্ট শিক্ষকের অনুমতি সাপেক্ষে একাদশ শ্রেণির বার্ষিক পরীক্ষা পরিচালনা কমিটির নিকট আগামী ১৬-০৮-২০২৬ থেকে ১৮-০৮-২০২৬ তারিখের মধ্যে প্রতি বিষয়ে ৫০/- (পঞ্চাশ) টাকা হারে পুনঃপরীক্ষা ফি প্রদান করে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। উক্ত পরীক্ষায় পাসের প্রেক্ষিতে দ্বাদশ শ্রেণিতে ভর্তির সুযোগ পাবে। যারা যে বিষয়ে অকৃতকার্য হয়েছে তারা উক্ত বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করবে। প্রতি বিষয়ে শুধু সৃজনশীল নতুন প্রশ্নে পরীক্ষা হবে। বিজ্ঞান বিভাগ এবং তথ্য ও যোগাযোগ বিষয়ে পূর্ণ নম্বর: ৩০, মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগে পূর্ণ নম্বর: ৫০। পরীক্ষার সময় ১ ঘন্টা ৩০ মিনিট। পরীক্ষার ফি ও আবেদন জমা দেওয়ার **স্থান: শরীর চর্চা শিক্ষকের কক্ষ (কক্ষ নং- ১১৩৫)।**

বি. দ্র.: অঙ্গীকারনামার নমুনা ফরম এবং সংশ্লিষ্ট টিউটোরিয়াল গ্রুপের শিক্ষক-কর্মকর্তাদের বিজ্ঞপ্তি সংযুক্ত করা হলো।

১৩.০৮.২৬

**(প্রফেসর ড. মুহম্মদ মাহফিল খান)**
আইডি নং- ৯৩০৪
অধ্যক্ষ
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ

**অবগতির ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :-**

০১। বিভাগীয় প্রধান (সকল) সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ
০২। সম্পাদক, শিক্ষক পরিষদ, সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ
০৩। হিসাব রক্ষক, সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ
০৪। সংরক্ষণ নথি।